**মুহম্মদ হিরুজ্জামান** এনডিসি **অতিরিক্ত সচিব, বাংলাদেশ সরকার মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (নিমকো)**

মুহম্মদ হিরুজ্জামান এনডিসি বাংলাদেশের প্রশাসন ক্যাডারের একজন দক্ষ, অভিজ্ঞ কর্মকর্তা। ১৩তম বিসিএস (প্রশাসন) ক্যাডারের সদস্য হিসেবে ১৯৯৪ সালে বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদানের মাধ্যমে তাঁর কর্মজীবনের শুভ হয়। বর্তমানে তিনি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে মহাপরিচালকের দায়িত্ব পালন করছেন।

কর্মজীবনের শুরুতেই তিনি নীলফামারী জেলা প্রশাসকের কার্যালয়ে সহকারী কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে তিনি কুড়িগ্রামের উলিপুর, রংপুরের তারাগঞ্জ এবং চাঁপাইনবাবগঞ্জের নাচোল উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) হিসেবে নিষ্ঠা ও দক্ষতার সাথে ভূমি ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। দিনাজপুর ও পাবনায় ম্যাজিস্ট্রেট ফার্স্ট ক্লাস হিসেবে দায়িত্ব পালন ছাড়াও তিনি রাজস্ব ডেপুটি কালেক্টর এবং ভূমি অধিগ্রহণ কর্মকর্তা হিসেবে গুরুত্বপূর্ণ অভিজ্ঞতা অর্জন করেন।

২০০৪ থেকে ২০০৯ সাল পর্যন্ত তিনি ঠাকুরগাঁও সদর, পীরগঞ্জ এবং নওগাঁর পোরশা উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) হিসেবে সুনামের সাথে দায়িত্ব পালন করেন। অতঃপর ব্রাহ্মণবাড়িয়া ও ঝালকাঠি জেলায় অতিরিক্ত জেলা প্রশাসক (এডিসি) পদেও তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

তিনি তাঁর বর্ণাঢ্য কর্মজীবনে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনে পরিচালক (প্রশাসন ও অর্থ), বিআইএএম ফাউন্ডেশনের পরিচালক এবং পানিসম্পদ ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে উপসচিব হিসেবে দায়িত্ব পালন করেন। পরে তিনি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে যুগ্মসচিব এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (IDRA)-এর নির্বাহী পরিচালক হিসেবেও সফলভাবে দায়িত্ব পালন করেন। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালনের পর, বর্তমানে তিনি নিমকোর মহাপরিচালক পদে প্রেষণে নিয়োগ প্রাপ্ত হন।

মুহম্মদ হিরুজ্জামান এনডিসি বরিশালের ঐতিহ্যবাহী বিএম কলেজ থেকে বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক পাস করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজি সাহিত্যে সম্মানসহ মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। কর্মজীবনে যোগ দেয়ার পর তিনি যুক্তরাজ্যের লন্ডনের বেডফোর্ডশায়ার বিশ্ববিদ্যালয় থেকে প্রকল্প ব্যবস্থাপনায় পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং জাতীয় প্রতিরক্ষা কলেজ (এনডিসি), মিরপুর থেকে 'National Defence Course' সম্পন্ন করেন। বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (BUP) থেকে তিনি সিকিউরিটি অ্যান্ড ডেভেলপমেন্টে এমএসএস ডিগ্রি অর্জন করেন।

তিনি দেশে ও বিদেশে বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। এর মধ্যে রয়েছে

- **থাইল্যান্ড, ভিয়েতনাম, ইন্দোনেশিয়া ও জাপানে** পানি সম্পদ ব্যবস্থাপনা,
- **সিঙ্গাপুরের সিভিল সার্ভিস কলেজে** প্রশাসন ও ব্যবস্থাপনা,
- **চীনের বেইজিংয়ে** দারিদ্র্য বিমোচন,
- **ভারত ও ওমানে** জাতীয় নিরাপত্তা ও কৌশলগত ইস্যু বিষয়ক প্রশিক্ষণ,
- **রাশিয়ার মস্কোর সামরিক একাডেমিতে** এক্সপোজার ভিজিট।

এছাড়াও তিনি **ফ্রান্স, সুইজারল্যান্ড, ইতালি, নেদারল্যান্ডস, বেলজিয়াম ও জার্মানি**সহ ইউরোপের বিভিন্ন দেশে সরকারি সফর ও শিক্ষা সফরে অংশগ্রহণ করেন।

তিনি পটুয়াখালীর দশমিনা উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি বিবাহিত এবং তিন পুত্র সন্তানের গর্বিত পিতা।